

৬ষ্ঠ শ্রেণি থেকে চালু হচ্ছে কারিগরি শিক্ষা

এম মামুন হোসেন

৬ষ্ঠ শ্রেণি থেকে কারিগরি শিক্ষা চালু করা হচ্ছে। এজন্য নাসিমেগে ১০০টি উপজেলায় কারিগরি বিদ্যালয় প্রতিষ্ঠা করবে সরকার। তিন বছরমেয়াদি এই প্রকল্পে প্রায় ৮০ হাজার শিক্ষক কর্মচারীর কর্মসংস্থানের সুযোগ হচ্ছে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ৯৪ হাজার শিক্ষার্থী কারিগরি শিক্ষার সুযোগ পাবেন। কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবুল কাশেম যায়যায়দিনকে বলেন, বর্তমানে নবম শ্রেণি থেকে কারিগরি শিক্ষা চালু রয়েছে। দক্ষ জনগতি পড়তে কারিগরি শিক্ষার বিকল্প নেই। এটা বিবেচনা রেখে ৬ষ্ঠ শ্রেণি থেকে কারিগরি শিক্ষা চালু করা হচ্ছে। প্রাথমিক শিক্ষা গেবে শিক্ষার্থীরা কারিগরি শিক্ষা গ্রহণের সুযোগ পাবেন। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, জাতীয় শিক্ষানীতিতে প্রতি উপজেলায় একটি করে কারিগরি বিদ্যালয় স্থাপনের উদ্দেশ্য রয়েছে। এরই আশোকে প্রথম পর্যায়ে এই ১০০টি বিদ্যালয় স্থাপন করা হচ্ছে। পরবর্তী সময়ে পর্যায়ক্রমে ৪০০ উপজেলায় কারিগরি বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে।

দেশে প্রথমবারের মতো নেত্র এই উদ্যোগ বাস্তবায়নে প্রতিটি বাজেটে অব বরাদ্দও রাখা হয়েছে। প্রকল্পটি প্রস্তাবিত এডিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। ১০০ কারিগরি বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য প্রস্তাবিত বাজেট হচ্ছে ১ হাজার ১৯৩ কোটি ৪৪ লাখ টাকা। প্রকল্পটি তিন বছরমেয়াদি হলেও যেনব, উপজেলায় নির্দিষ্ট পরিমাণ জমি ও স্থাপনা পাওয়া যাবে সেখানে আগামী বছর থেকেই গ্রান্ড ওয়ার পরিকল্পনা রয়েছে। এ জন্য চুক্তিভিত্তিক শিক্ষক-কর্মচারী নিয়োগ দেয়া হবে। কারিগরি শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, শিক্ষা ব্যবস্থার মাধ্যমিক পর্যায়ে এই কারিগরি বিদ্যালয়গুলো প্রতিষ্ঠা করা হচ্ছে। শিক্ষার্থীরা ৬ষ্ঠ শ্রেণিতে সাধারণ শিক্ষার পাঠক্রমসহ কারিগরি বিষয় পড়বে। নবম ও দশম শ্রেণিতে কারিগরি বিশেষায়িত শিক্ষা গ্রহণ করবে। চারটি করে ভোকেশন ট্রেড থাকবে, যার প্রতিটিতে ৪০ জন করে শিক্ষার্থী অধ্যয়নের সুযোগ পাবেন। এক একর জমির ওপর প্রতিটি কারিগরি বিদ্যালয় স্থাপনে সরকারের পরিকল্পনা রয়েছে। যেনব উপজেলায় সরকারি শিক্ষা : পৃষ্ঠা ১০ কলাম ৬



নবমী গ্রন্থের এই গাছটি থেকে লাখ টাকার আ